নুসরাতের বাড়িতে হামলার প্রতিবাদে এনসিপির কর্মসূচি



ছবি: সংগৃহীত

সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) রাজনৈতিক পর্ষদের সদস্য নুসরাত তাবাসসুম জ্যোতির গ্রামের বাড়িতে পেট্রোল বোমা নিক্ষেপ ও অগ্নিসংযোগের প্রতিবাদে রাজধানীতে মশাল মিছিল করবে দলটি।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) সন্ধ্যা ৬টায় এ কর্মসূচি পালনের কথা দুপুরে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় জানিয়েছে এনসিপি।

দলটির বার্তায় বলা হয়, কুষ্টিয়ার দৌলতপুরে নুসরাত তাবাসসুম জ্যোতির গ্রামের বাড়িতে আওয়ামী লীগের সন্ত্রাসীরা পেট্রোল বোমা নিক্ষেপ করে আগুন দিয়েছে। এ ঘটনার প্রতিবাদে আয়োজিত মিছিলে এনসিপির মহানগর ইউনিট এবং দলটির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেবেন।

এর আগে বুধবার (১১ নভেম্বর) রাত ১২টার দিকে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ডাংমড়কা এলাকার বাগুয়ান গ্রামে নুসরাতের বাড়িতে পেট্রোল বোমা ছোড়ে দুর্বৃত্তরা। এতে বাড়ির টিনশেড ভবনের আটটি কক্ষের মধ্যে পাঁচটি পুড়ে যায়। আগুনে দুটি ছাগলেরও মৃত্যু হয়েছে।

LENS ASIA